

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



### কমিউনিটির সহায়তায়...সামার রাইজিং শিক্ষার্থীরা সাফল্য অর্জন করছে

প্রিয় নিউ ইয়র্কবাসী,

অগাস্ট শেষ হয়ে আসার পথে, আমি আমাদের জনপ্রিয় [সামার রাইজিং](#) প্রোগ্রামের প্রতিফলন করছি, যা আমার জন্য গ্রীষ্মের মাসগুলো জুড়ে ছেলেমেয়েদের শেখা অব্যাহত রাখতে কমিউনিটির সাথে বলিষ্ঠ অংশীদারিত্বের মূল্য জোরদার করেছে। সিটি জুড়ে K-8 গ্রেডের শিক্ষার্থীদের জন্য আমাদের বিনামূল্যের গ্রীষ্মকালীন কর্মসূচি আনন্দদায়ক ও সমৃদ্ধিমূলক কার্যকলাপের মধ্য দিয়ে ছেলেমেয়েদেরকে বেড়ে উঠার, শেখার, ও প্রতিভা অন্বেষণের সুযোগ দেয়। সিটির চারপাশে বিভিন্ন সাইট ঘুরে এবং [ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট](#) -এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে এই চমৎকার কর্মসূচিটি ছেলেমেয়েদের জীবনে সত্যিকারের পার্থক্য এনেছে তা শুনে আমার অসাধারণ লেগেছে।

বংক্সের একটি কমিউনিটি স্কুল [P.S. 55 বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিন](#) -এ, আমি শিক্ষার্থীদের জটিল সব গাণিতিক সমস্যা সমাধান করতে দেখেছি, স্কুলের বিশ্ব-মানের সকার মাঠে বল খেলেছি, এবং নতুন বাস্কেটবল কোর্টে বাস্কেটবল খেলেছি। প্রিন্সিপাল লুইস এলাদিও টোরেস (Luis Eladio Torres), যাকে আমি বহু বছর ধরে চিনি, যিনি তাঁর কমিউনিটির জন্য একজন বলিষ্ঠ পক্ষাবলম্বনকারী (অ্যাডভোকেট); তার প্রচেষ্টার ফলে স্কুলে এখন একটি সুন্দর ক্যাফেটেরিয়া, সেখানে কার্যরত (অনসাইট) একজন ডেন্টিস্ট, এবং স্কুল কমিউনিটির জন্য শাক-সজী উৎপাদনকারী একটি বাগান রয়েছে, সেজন্য তাঁকে ধন্যবাদ।

টোরেস (Torres) এই উদ্ভাবনগুলোর জন্য কমিউনিটি-ভিত্তিক সংগঠন (CBOs) [BronxWorks](#) এবং [SCAN-Harbor](#) -এর সাথে জোর অংশীদারিত্বকে কৃতিত্ব দিয়েছেন। শেখার জন্য কী চমৎকার একটি পরিবেশ!

ওয়শিংটন হাইটস্-এর একটি কমিউনিটি স্কুল P.S. 132 ছয়ান পাবলো দুয়ার্তে-এ সময় কাটাতেও আমার খুব ভালো লেগেছে। আমি [ক্যাথোলিক চ্যারিটিজ কমিউনিটি সার্ভিস](#), [আর্চডায়োসিস অভ নিউ ইয়র্ক](#) নামক CBO পরিচালিত কর্মসূচির সমৃদ্ধিমূলক অংশ পরিদর্শন করেছি এবং শিক্ষার্থীদের কাগজের প্লেট দিয়ে রোলার কোস্টার তৈরি করে পদার্থবিদ্যা (ফিজিক্স) শিখতে দেখেছি। স্কুলের বেজমেন্ট-এ একটি লন্ডরোম্যাট রয়েছে এবং তারা পুষ্টিকর খাবার ও পরিষ্কার পোশাকের লভ্যতা বৃদ্ধির জন্য [আর্বান আর্টস্](#), কমিউনিটি ডিরেক্টর ডোমিঙ্গো এসতেভেজ (Domingo Estevez), এবং অন্যান্য স্থানীয় গ্রুপের অংশীদারিত্বে একটি ফুড প্যান্ট্রি (খাদ্য বিতরণ কেন্দ্র) পরিচালনা করে, সেজন্য আমি গর্বিত।

সামার রাইজিং আমাদের ক্লাসরুমের চার দেয়ালের বাহিরে শিখতে শিক্ষার্থীদের জন্য অর্থবহ ও উদ্দেশ্যমূলক সুযোগ তৈরির পাশাপাশি পরবর্তী শিক্ষা বছর তাদের জন্য সুফল বয়ে আনবে এমনসব দক্ষতা গড়ে তোলার লক্ষ্যের প্রতিফলন ঘটায়। অধিক ফিল্ড ট্রিপ (শিক্ষা সফর), অধিক সমৃদ্ধিমূলক সুযোগ, অধিক শিল্প, সংস্কৃতি, ও বিজ্ঞান প্রদর্শন, এবং বলিষ্ঠ সামাজিক-আবেগজনিত সহায়তার মাধ্যমে এই কর্মসূচির কেন্দ্রে থাকা কমিউনিটির সাথে অংশীদারিত্বসমূহ ছেলেমেয়েদের জন্য সত্যিই ফলপ্রসূ। সেরা অংশটুকু হচ্ছে শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা বাস্তব বিশ্বে প্রয়োগ করতে, এবং তাদের প্রাপ্য উজ্জ্বল ভবিষ্যতের কোনো পথ-পরিক্রমকে আলোকিত করতে দেখা।

এই বিগত দুই মাসে বহু শিক্ষার্থী কীভাবে বিকশিত হয়েছে তা শুনে আমি হেমন্তে (ফল) যা আসছে তাতে আরো বেশি আশাবাদী। আমি আশা করছি আপনারা গ্রীষ্মের বাকিটুকু উপভোগ করবেন, এবং আমি আপনাদের ছেলেমেয়েদের সেপ্টেম্বরে স্কুলে আবার দেখার প্রত্যাশায় আছি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

## আমাদের স্পটলাইট ভিডিও



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

\*অনুদিত ক্যাপশনের জন্য: "CC" আইকনে ক্লিক করুন। "Setting" আইকনে ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto-translate" বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

আপনি যদি PS+YOU ইমেইল বার্তাগুলো আর পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবসক্রাইব](#) করুন।